

## প্রধান শিক্ষকের খাসকামরায় তালা লাগালেন ইউএনও

হাতীবান্ধা প্রতিনিধি

৩০ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩০ অক্টোবর ২০১৯ ০০:৫২



সত্যের সন্ধান  
**আমাদের সময়**

লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার গোতামারী ডিএমএসসি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আহমেদ হোসেন রঞ্জুর খাসকামরায় তালা লাগিয়েছেন হাতীবান্ধার ইউএনও। গতকাল মঙ্গলবার দুপুরে হাতীবান্ধা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সামিউল আমিন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কন্দর্প নারায়ণ রায় ওই স্কুলে আকস্মিক পরিদর্শনে যান। এ সময় স্কুলের একটি কক্ষ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ব্যক্তিগত খাসকামরা হিসেবে দেখতে পেয়ে তালা লাগিয়ে দেন।

অভিযোগ উঠেছে, ওই স্কুলের প্রধান শিক্ষক রঞ্জু দীর্ঘদিন ধরে স্কুলের একটি কক্ষকে খাসকামরা বানিয়ে জুয়াসহ বিভিন্ন অনৈতিক কর্মকা- চালিয়ে আসছেন। ওই কামরায় প্রধান শিক্ষকের নিজস্ব লোক ছাড়া অন্য কোনো শিক্ষক বা ছাত্রছাত্রীর প্রবেশে নিষেধাজ্ঞাও রয়েছে। পাশাপাশি স্কুলটির কমিটি ও প্রধান শিক্ষক নিয়ে দ্বন্দ্ব থাকায় শিক্ষার পরিবেশও দিন দিন নষ্ট হচ্ছে। এসব অভিযোগ আমলে নিয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দেন ইউএনও। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে নোটিশের কোনো জবাব দেননি ওই শিক্ষক। গতকাল দুপুরে সরেজমিনে স্কুলে গিয়ে ইউএনও সামিউল আমিন খাসকামরার সত্যতা সম্পর্কে নিশ্চিত হন এবং তালা লাগিয়ে দেন।

এ প্রসঙ্গে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আহমেদ হোসেন রঞ্জু বলেন, খাসকামরা নয়। রাতভর বিদ্যালয়ের কাজ করার কারণে স্কুলের একটি কক্ষে বিশ্রামের জন্য একটি খাট বসানো হয়েছে। জুয়াসহ বিভিন্ন অনৈতিক কার্যক্রমের অভিযোগ অস্বীকার করে তিনি বলেন, যখন মন ভালো থাকে না, তখন কয়েকজন মিলে একটু দাবা খেলি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কন্দর্প নারায়ণ রায় জানান, ইউএনওসহ আমি ওই স্কুলে গিয়ে প্রধান শিক্ষকের একটি খাসকামরার সন্ধান পাই। প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

হাতীবান্ধার ইউএনও সামিউল আমিন বলেন, আমি ওই স্কুলের পরিচালনা কমিটির আহ্বায়ক। নানা অভিযোগের পরিপ্রেক্ষিতে আকস্মিক ওই স্কুল পরিদর্শনে গিয়ে কিছু ঘটনার সত্যতা খুঁজে পাই। অধিকতর তদন্তসাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

advertisement